



বিসিক অনলাইন মার্কেট-এ শপ নিবন্ধন, পণ্য আপলোড, অর্ডার প্রসেস করার পদ্ধতি

০১। স্মার্টফোনের মাধ্যমে আপনার “Google Play Store” থেকে “BSCIC Online Market” app ডাউনলোড করে নিন অথবা ব্রাউজারে [bscicemarket.gov.bd](http://bscicemarket.gov.bd) লিখে সার্চ করুন।




হোম পেজ থেকে ‘শপের জন্য আবেদন করুন’ অপশনে ক্লিক করুন



০২। শপ নিবন্ধন ফর্মে প্রয়োজনীয় তথ্যাবলি ও ডকুমেন্ট (জাতীয় পরিচয়পত্র, ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ) সংযুক্ত করুন।


শর্তাবলির সাথে একমত ক্লিক করে ‘শপ নিবন্ধন করুন’ বাটন চাপুন এবং ইমেইল এর মাধ্যমে ভেরিফাইড হয়ে শপ নিবন্ধন সম্পন্ন করুন।

০৩। শপ নিবন্ধন সম্পন্ন হওয়ার পর ‘শপ সেটিংস’ অপশন থেকে শপের স্লাইডার সিলেক্ট করে সেটিংস সংরক্ষণ করুন এবং বিসিক এডমিনের শপ এপ্রুভালের অপেক্ষা করুন। এপ্রুভাল দেওয়ার পর মোবাইলে মেসেজ পাঠানো হবে।




০৪। নিবন্ধিত হওয়ার পর শপ ব্যবহারের জন্য বিসিক অনলাইন মার্কেটে লগইন (ইমেইল, পাসওয়ার্ড ব্যবহার করে) করুন।

০৫। সেলার প্যানেলের সকল অপশন দেখার জন্য চিহ্নিত আইকনে ক্লিক করুন।



০৬। ‘আমার শপ’ অপশনের ‘পণ্য’ সাবমেন্যুতে ক্লিক করে নতুন পণ্য, এড্রিবিউট, ব্র্যান্ড যুক্ত করা যাবে। এছাড়া, এখান থেকে আপলোডকৃত সকল পণ্যের তথ্য দেখতে পাবেন।





০৭। পণ্য সাবমেন্যুতে 'নতুন পণ্য যুক্ত করুন' অপশন ক্লিক করলে পণ্য আপলোডের ফরম দৃশ্যমান হবে।



০৮। পণ্যের নাম, ক্যাটাগরি, ইউনিট টাইপ করুন। পণ্যের ভ্যারিয়েশন থাকলে পণ্যের গুণাবলি অন/অফ করার মাধ্যমে সেটা নির্বাচন করতে পারবেন। এছাড়া, পণ্যের মূল্য, ওজন (গ্রাম পরিমাণে), চিত্র, বর্ণনা প্রভৃতি তথ্য দেওয়ার পর 'পণ্য আপলোড করুন' বাটনে ক্লিক করুন।




০৯। সেলার প্যানেলের 'অর্ডার' মেন্যু থেকে সেলার সকল অর্ডারের তথ্য দেখতে পারবেন।



১০। কোনও অর্ডার প্রসেস করতে হলে সংশ্লিষ্ট অর্ডারের ভিউ আইকনে ক্লিক করুন। ডেলিভারি স্ট্যাটাস 'অন ডেলিভারি' দিয়ে কুরিয়ার তালিকা থেকে 'একশপ ডেলিভারি' নির্বাচন করুন।




পণ্যের নাম, পেমেন্ট স্ট্যাটাস, ডেলিভারি স্ট্যাটাস, গ্রাহকের নাম অনুসারে অর্ডারগুলো ফিল্টার করা যাবে।




কুরিয়ার নির্বাচন হলে সেলার ও কাস্টমারের প্রয়োজনীয় তথ্য সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে। তবে প্রয়োজন হলে সেলার পণ্যের পিক আপ ও ডেলিভারি ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

১১। এরপর প্যাকেজের ওজন, পার্সেল টাইপ, পণ্যের ধরণ নির্বাচন করুন। উল্লেখ্য, পেমেন্ট ফর্ম ও পেমেন্ট এমাউন্ট সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত হবে। এবার, 'ডেলিভারি নিশ্চিত করুন' বাটনে ক্লিক করে পার্সেল সাবমিট করলে কুরিয়ার পার্টনার থেকে পণ্যটি সংগ্রহের জন্য পরবর্তীতে সেলারকে ফোন দেওয়া হবে। এজন্য, যথাযথভাবে পণ্যটি প্যাকেজিং করে রাখুন।



১২। এছাড়া, সেলার প্যানেলের মেন্যু থেকে প্রোফাইল সেটিং, পার্সেল ট্র্যাকিং, পণ্যে অফার প্রদান, গ্রাহকের ও এডমিনকে মেসেজ পাঠানোর অপশন রয়েছে।



এ সংক্রান্ত তথ্য/সহযোগিতা/পরামর্শের জন্য যোগাযোগ করুন:

বিপণন বিভাগ, বিসিক ভবন (৭ম তলা), ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮; মোবাইল: +৮৮০১৫২১৪৫৯৪৮৭/+৮৮ ০১৫৫০১৫৬৬৩৬